

পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

উড়ন্ত শৈশব।। মাটিকুন্ডার ঝলঝলিতে ছবিটি তুলেছেন মনীষ দত্ত।

# চম্পাগুড়িতে হাসপাতালের দাবি

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ১৩ জুন :** চা বাগানকে পঞ্চায়েতিরাজ ব্যবস্থার আওতায় আনার পর ৩৭ বছর পেরিয়ে গিয়েছে। কিন্তু এখনও পর্যন্ত নাগরাকাটা ব্লকের চম্পাগুড়ি গ্রাম পঞ্চায়েতে কোনও সরকারি হাসপাতাল নেই। নানা মহল থেকে সেখানে একটি ১০ শয্যার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র তৈরির কথা উঠছে। ডুয়ার্সের কোর চা বাগানকেন্দ্রিক গ্রাম পঞ্চায়েত বলতে যা বোঝায় চম্পাগুড়ি ঠিক তাই। সবমিলিয়ে ৩৫ হাজারের বেশি মানুষের ভরসা সুলকাপাড়া গ্রামীণ হাসপাতাল। এককেটি বাগানের এমন স্থানও রয়েছে যেখান থেকে সুলকাপাড়ার দূরত্ব প্রায় ২০ কিলোমিটার। ওই পঞ্চায়েতের প্রধান রমেশ তিরকি বলেন, 'এখানে প্রতিটি বাগানে উপস্বাস্থ্যকেন্দ্র বা সুস্বাস্থ্যকেন্দ্র থাকলেও চম্পাগুড়ি এলাকাকেন্দ্রিক একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অত্যন্ত প্রয়োজন বলে মনে করি। বিষয়টি নিয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।'

স্থানীয় সূত্রে খবর, চম্পাগুড়ি গ্রাম পঞ্চায়েতের অধীনে ভুটান সীমান্তের জিতি, হিলা, হোপ ছাড়া নাগরাকাটা, নয়া সাইলি, ভগতপুর ও কুর্তির মতো সাতটি চা বাগান আছে। এর বাইরে বাজার এলাকা বলতে শুধু চম্পাগুড়ি। সেখানে পঞ্চায়েত অফিসটি অবস্থিত। মোট গ্রাম সংসদের সংখ্যা ৩০। স্থানীয় বাসিন্দাদের বেশিরভাগ দুঃস্থ চা শ্রমিক। নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সঞ্জয় কুজুরের কথায়, 'এলাকার নয়া সাইলি চা বাগানে শ্রম দপ্তরের উদ্যোগে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নয়া ভবন তৈরির কাজ শেষ হয়েছে। সেখানে ডাক্তার, নার্স ও অ্যাম্বুল্যান্স সবকিছু থাকবে। ওটা চালু হয়ে গেলে শুধু নয়া সাইলি নয়, আশপাশের চা বাগানের বাসিন্দারাও পরিষেবা পাবেন। তবে চম্পাগুড়িতে একটি হাসপাতাল অবশ্যই প্রয়োজন।'



*নয়া সাইলি চা বাগানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এখনও চালু হয়নি।*

> এখানে প্রতিটি বাগানে উপস্বাস্থ্যকেন্দ্র বা সুস্বাস্থ্যকেন্দ্র থাকলেও চম্পাগুড়ি এলাকাকেন্দ্রিক একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র অত্যন্ত প্রয়োজন বলে মনে করি। বিষয়টি নিয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।
>
> **রমেশ তিরকি** *পঞ্চায়েত প্রধান*

জিতি চা বাগানের ভুটান লাগোয়া আপার ডিভিশনের সুরজ প্রসাদ নামে এক তরুণ জানান, রাতবিরেতে কারও কিছু হলে ২০ কিলোমিটার দূরের সুলকাপাড়া পৌঁছাতে প্রাণ ওষ্ঠাগত হয়। গর্ভবতী মা ও শিশুদের ক্ষেত্রে সমস্যা আরও মারাত্মক। আমাদের পঞ্চায়েতে একটি সরকারি হাসপাতাল হলে অনেক মানুষ উপকৃত হত। ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ মোল্লা ইরফান হোসেনের বক্তব্য, 'আমাদের সুস্বাস্থ্যকেন্দ্র কিংবা সুলকাপাড়া গ্রামীণ হাসপাতাল থেকে সমস্ত রকম পরিষেবা দেওয়া হয়। চম্পাগুড়ি এক্ষেত্রে ব্যতিক্রম নয়। ওখানে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের দাবি বাসিন্দারা লিখিতভাবে জানালে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করব।'

চম্পাগুড়ি গ্রাম পঞ্চায়েত এলাকায় মূলত তপশিলি উপজাতি সম্প্রদায়ের আধিক্য। পঞ্চায়েত অফিস সূত্রে প্রাপ্ত তথ্য অনুযায়ী, সেখানে ২০১১ সালের পর মোট জনসংখ্যা ছিল ৩৪,২১৯। এরপর আর জনগণনা হয়নি। ফলে ওই সংখ্যা যে বর্তমানে অনেকটা বেড়েছে তা নিয়ে সংশয় নেই। আরেকটি প্রত্যন্ত চা বাগান হিলার পুষা ওরাওঁ নামে এক শ্রমিকের প্রতিক্রিয়া, 'বাগানের নিজস্ব স্বাস্থ্য পরিষেবা বলার মতো নয়। মাথাব্যথার ওষুধও ঠিকমতো মেলে না। আমাদের ভরসা একমাত্র সরকারি স্বাস্থ্য পরিষেবা। সেদিক থেকে হাসপাতালের দাবি অত্যন্ত ন্যায্য।'

## হাতির হানা

**চালসা, ১৩ জুন :** খাবারের খোঁজে জঙ্গল থেকে বেরিয়ে লোকালয়ে একটি মুদির দোকানে ঢুকে পড়ল হাতি। দোকানের দেওয়াল ভেঙে খেয়ে গেল খাদ্যসামগ্রী। ঘটনাটি বৃহস্পতিবার রাতে মাটিয়ালি ব্লকের উত্তর ধূপঝোরা নিখিলপাড়ায় ঘটেছে। এলাকাটি গরুমারা জঙ্গল সংলগ্ন হওয়ায় মাঝেমধ্যে এই এলাকায় হাতি হানা দেয়। এর আগেও বহুবার ওই এলাকায় হাতি ঢুকে ঘরবাড়ি ভেঙে দিয়েছিল। গতবছর পুজোর সময় হাতির হানায় এলাকার এক ব্যক্তির মৃত্যু হয়েছিল।

স্থানীয়রা জানান, বৃহস্পতিবার রাত প্রায় আড়াইটে নাগাদ একটি বুনো হাতি হঠাৎ এলাকায় ঢুকে পড়ে। তখন সবাই গভীর ঘুমে মগ্ন। হাতিটি এলাকার জিতেন রায় নামে এক ব্যক্তির মুদির দোকানে হানা দিয়ে কংক্রিটের দেওয়াল ভেঙে মজুত করা খাদ্যদ্রব্য সাবাড় করে। সেই সময় দোকানে কেউ না থাকায় কোনও প্রাণহানি হয়নি। স্থানীয় বাসিন্দাদের চিৎকারে প্রায় ঘণ্টাখানেক পর হাতিটি এলাকা ছেড়ে মূর্তি নদী পেরিয়ে ফের জঙ্গলে ফিরে যায়। বন দপ্তরের খুনিয়া স্কোয়াডের রেঞ্জ অফিসার সজলকুমার দে এবিষয়ে বলেন, 'নির্দিষ্ট ফর্মে আবেদন করলে সরকারি নিয়ম অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হবে।'

## দুর্ঘটনায় আহত

**গয়েরকাটা, ১৩ জুন :** হলদিবাড়ি-গয়েরকাটা রাজ্য সড়কের গয়েরকাটা বৈদ্যুতিক সাব-স্টেশন সংলগ্ন এলাকায় শুক্রবার রাত ৯টায় এক বাইকচালক দুর্ঘটনায় আহত হন। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বাইকচালক ওই তরুণ দ্রুতগতিতে বানারহাট থেকে ধূপগুড়ির দিকে যাচ্ছিলেন। সেসময় ওই তরুণ নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাড়িকে ধাক্কা মেরে গুরুতর আহত হন। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে ধূপগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হলে তাঁকে জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার করা হয়।

## মানববন্ধন

**জলপাইগুড়ি ব্যুরো**

**১৩ জুন :** ওয়াকফ সংশোধনী আইন প্রত্যাহারের দাবিতে শুক্রবার জুম্মার নমাজের পর ডুয়ার্সের বিভিন্ন মসজিদে মানববন্ধন হয় অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ডের ডাকে। নাগরাকাটার ঘাসমারি বস্তির বেলাল মসজিদে ওই কর্মসূচিতে বক্তব্য রাখেন মসজিদ কমিটির সভাপতি খালেক আলি, সম্পাদক সাহেদ আলি, সমাজসেবী নুর ইসলাম সহ অন্যরা।

এদিকে, নস্যশেখ উন্নয়ন পরিষদও কর্মসূচিটি পালন করে ছাড়টন্ডু সহ বিভিন্ন এলাকায়। মানববন্ধন হয় ওদলাবাড়ির মসজিদেও। বেলাকোবা টাউন মসজিদে প্রায় সাড়ে তিনশো মানুষ মানববন্ধনে অংশ নেন। বক্তব্য রাখেন মসজিদ কমিটির সম্পাদক মোস্তাফা করিম ও সভাপতি লুতফর রহমান। মোস্তাফা করিম বলেন, 'ওয়াকফ সংশোধনী আইন বাতিলের দাবিতে মামলায় শীর্ষ আদালত সংখ্যালঘুদের স্বার্থ নিশ্চিত করবে এই বিশ্বাস আমাদের আছে।'

শুক্রবার মাল ব্লকের তেশিমলা গ্রাম পঞ্চায়েত এলাকার প্রতিটি মসজিদে অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ডের ডাকে ওয়াকফ সংশোধনী আইন প্রত্যাহারের দাবিতে জুম্মার নমাজের পর মানববন্ধন কর্মসূচি পালিত হয়। নস্যশেখ উন্নয়ন পরিষদের জলপাইগুড়ি জেলা কমিটির সম্পাদক তথা নস্যশেখ উন্নয়ন বোর্ডের ভাইস চেয়ারম্যান ফরিদ আক্তার গাজি বলেন, 'অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ডের ডাকে জেলার প্রত্যেকটি ব্লক এবং মাল ব্লকের প্রচুর মসজিদে এই মানববন্ধন কর্মসূচির মাধ্যমে আমরা ওয়াকফ সংশোধনী আইন প্রত্যাহারের দাবি জানাই।'

## টুকরো খবর

### আলোচনা সভা

**জলপাইগুড়ি, ১৩ জুন :** শিক্ষার বেসরকারিকরণ ও দেশের বর্তমান আর্থিক পরিস্থিতি নিয়ে রাজ্য ও কেন্দ্রীয় সরকারকে একহাত নিলেন শিক্ষাবিদ-অধ্যাপক সাত্যকি রায়। তাঁর কথায়, 'শিক্ষার বেসরকারিকরণের মধ্য দিয়ে রাজ্য ও কেন্দ্রের সরকার মেধার বিকাশকে রুদ্ধ করেছে। অধিক সংখ্যায় অসংগঠিত শ্রমিক ও কিছু ক্ষেত্রে কেরানি তৈরির মাধ্যমে ভারতবর্ষের তরুণ প্রজন্মের বিকাশকে নষ্ট করার প্রচেষ্টা করা হচ্ছে।' শুক্রবার জলপাইগুড়িতে একটি আলোচনা সভায় এসে দেশের আর্থসামাজিক অবস্থা সম্পর্কে বলতে গিয়ে তিনি এই কথাগুলি বলেন। তিনি আরও বলেন, 'এরাজ্যে কলেজ, বিশ্ববিদ্যালয় সহ নানা শিক্ষাপ্রতিষ্ঠানে গণতান্ত্রিক পরিবেশ নষ্ট করার মধ্য দিয়ে রাজ্যের শাসকদল ছাত্র আন্দোলনকে দমিয়ে দিচ্ছে।' বাম আমলে শিক্ষার উন্নতির প্রসঙ্গ টেনে তিনি সেই সময়কার সরকারের প্রশংসা করেন। এছাড়া, তিনি জোর দেন দেশের বর্তমান কৃষি ব্যবস্থা প্রসঙ্গে। কৃত্রিম বুদ্ধিমত্তার মাধ্যমে দেশে কীভাবে কর্মসংস্থান তৈরি করা যায়, সেই বিষয়ে কেন্দ্র কেন ভাবছে না, সেই নিয়েও প্রশ্ন তোলেন তিনি। এদিনের এই সভায় উপস্থিত ছিলেন সলিল আচার্য, শ্রমিক নেতা পীযূষ মিশ্র, জামিনার আলি প্রমুখ।

### দেহ উদ্ধার

**ময়নাগুড়ি, ১৩ জুন :** শুক্রবার সকাল নাগাদ ময়নাগুড়ি-ধূপগুড়ি ৭১৭ নম্বর জাতীয় সড়কের ওপর হলহলিয়া সেতু সংলগ্ন রাস্তার ধার থেকে অচৈতন্য অবস্থায় এক ব্যক্তিকে উদ্ধার করে ময়নাগুড়ি থানার পুলিশ। ওই ব্যক্তিকে ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষ বলেন, 'ওই ব্যক্তির নাম শংকর রায় (৬২)। তিনি মাধবডাঙ্গা-১ গ্রাম পঞ্চায়েতের বটেশ্বর এলাকার বাসিন্দা।' এদিন জলপাইগুড়ি জেলা হাসপাতালের মর্গে ময়নাতদন্তের পর পরিবারের সদস্যদের হাতে দেহ তুলে দেওয়া হয়।

### প্রস্তুতি সভা

**ক্রান্তি, ১৩ জুন :** 'তোমার ঠিকানা উন্নয়নের নিশানা' শিরোনামে তৃণমূল কংগ্রেসের কর্মসূচির শুক্রবার প্রস্তুতি সভা হল ক্রান্তি ব্লকের রাজাডাঙ্গা গ্রাম পঞ্চায়েতে। এই কর্মসূচিতে বাড়ি বাড়ি গিয়ে প্রচার করা হবে। বুথে বুথে দলের মহিলা কর্মীরা এতে অংশ নেবেন। তৃণমূলের ক্রান্তি ব্লক সভাপতি মহাদেব রায় বলেন 'আগামী রবিবার লাটাগুড়িতে দলের জেলা কার্যালয়ে বৈঠক ডাকা হয়েছে।' শুক্রবার স্থানীয় কমিউনিটি হলে প্রস্তুতি সভায় মিন্টু রায়, মজিবুল হক, প্রভাতী রায় প্রমুখ নেতারা উপস্থিত ছিলেন।

### শোকজ্ঞাপন

**ময়নাগুড়ি, ১৩ জুন :** শুক্রবার সন্ধ্যায় ময়নাগুড়ি শহরে মোমবাতি জ্বালিয়ে আমেদাবাদে বিমান দুর্ঘটনায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানাল কংগ্রেস। শহরের দলীয় কার্যালয়ের সামনে মোমবাতি জ্বালিয়ে শোকজ্ঞাপন করেন দলের নেতা-কর্মীরা। নিহতদের পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানানো হয় এদিনের এই অনুষ্ঠানে। উপস্থিত ছিলেন ময়নাগুড়ি ব্লক কংগ্রেস সভাপতি প্রদীপ ঘোষাল, বিপুল দত্ত, শক্তি চক্রবর্তী, রাজু দে প্রমুখ।

# গরমে বাড়ছে জ্বর, সর্দি

## মাল সুপারস্পেশালিটি হাসপাতালে রোগীর লাইন

**অভিষেক ঘোষ**

**মালবাজার, ১৩ জুন :** দক্ষিণবঙ্গের পাশাপাশি উত্তরবঙ্গ সূর্যের তাপে পুড়ছে। তাপপ্রবাহের হাত থেকে ডুয়ার্সও রেহাই পায়নি। দু'দিন চড়া রোদের পর হঠাৎ একদিন এখানে বৃষ্টি হয়। তাপমাত্রার পারদ ওঠানামার কারণে জ্বর, সর্দিকাশি, বমি ও মাথাব্যথার মতো রোগ বাড়ছে। মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালের বহির্বিভাগে শুক্রবার সকাল থেকে রোগীদের লম্বা লাইন ছিল। শুক্রবার বিকেল থেকে গত ২৪ ঘণ্টায় মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে ২৬ জন জ্বর, মাথাব্যথা ও বমির উপসর্গ নিয়ে ভর্তি হয়েছেন। এর মধ্যে একাধিক শিশুও আছে। হাসপাতালের সুপার ডাঃ সুধীর কুমার বলেন, 'সকলে হাসপাতালে যথাযথ পর্যবেক্ষণে আছেন। পাশাপাশি হিটস্ট্রোক এড়াতে রোগীদের বেশি করে জল খাওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।'

এদিন মেটেলি থেকে এক মহিলা জ্বর নিয়ে হাসপাতালে এসেছিলেন। তিনি জানান, গরমের মধ্যে তাঁদের চা বাগানে কাজ করতে হয়। হঠাৎ জ্বর আসায় সুপারস্পেশালিটি হাসপাতালে ডাক্তার দেখাতে এসেছেন। মালবাজার শহরের জাতীয় সড়কের পাশে কয়েকটি গাছ আছে। রোদের তাপ থেকে বাঁচতে অনেকে সেখানে সাময়িক বিশ্রামের জন্য দাঁড়িয়ে পড়েছেন। অনেক সময় সেই গাছতলায় দাঁড়িয়ে কেউ আম, কেউ আখের রস ও ফুচকা বিক্রি করছেন। মালবাজার শহরের ১১ নম্বর ওয়ার্ডের গোবিন্দ রায় ২৬ বছর ধরে ফলের ব্যবসা করছন। এবছরও তিনি ঠেলাগাড়িতে আম নিয়ে ঘুরে ঘুরে বিক্রি করছেন। প্রখর সূর্যের তাপ থাকলেও তিনি কাজ বন্ধ রাখেন না। গোবিন্দর কথায়, 'রোদ যখন খুব বেশি থাকে তখন থানার সামনে বট গাছের ছায়ায় আম বিক্রি করি।'

প্রায় ৩৯ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় মিথিলেশ ঝাঁ টোটো নিয়ে রাস্তায় বেরিয়েছিলেন। তাঁর মন্তব্য, 'সকাল ১১টা থেকে দুপুর দুটো পর্যন্ত যে তাপমাত্রা থাকে, সেসময় বাইরে না থাকাই ভালো। এই গরমে অনেকে অসুস্থ হয়ে পড়েছে।'

তবে রাজ্য শিক্ষা দপ্তরের নির্দেশে শুক্রবার ও শনিবার গোটা রাজ্যে বিদ্যালয় বন্ধ রাখার ঘোষণা হয়েছে। আগামী রবিবার তাপমাত্রার পরিস্থিতি বুঝে এই ছুটি বাড়ানোর সম্ভাবনা আছে। বিজেপি নেতা নবীন সাহার প্রতিক্রিয়া, 'উত্তরবঙ্গে যখন গরমের ছুটি প্রয়োজন ঠিক সেসময় রাজ্যের সরকারি গরমের ছুটি শেষ হয়।' আদর্শ বিদ্যাভবনের একাদশ শ্রেণির ছাত্রী সৃষ্টি মজুমদার গরমের জেরে পড়াশোনায় ঠিকভাবে মনোনিবেশ করতে পারছে না বলে জানিয়েছে।

পরিবেশপ্রেমী সুমন চৌধুরী বলেন, 'এজন্য গাছ লাগানোর কথা বলা হয়। তবে শুধু ৫ জুনের ভরসায় থাকলে হবে না। যে হারে পৃথিবীর উষ্ণতা বাড়ছে, তা নিয়ন্ত্রণ করতে লক্ষ লক্ষ বৃক্ষরোপণ প্রয়োজন।'



*মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালের বহির্বিভাগ।*

**বাড়ছে অসুস্থতা**

- দু'দিন চড়া রোদের পর হঠাৎ একদিন ডুয়ার্সে বৃষ্টি হয়
- তাপমাত্রার পারদ ওঠানামার কারণে জ্বর, সর্দিকাশি, বমি ও মাথাব্যথার মতো রোগ বাড়ছে
- শুক্রবার বিকেল থেকে মালবাজার সুপারস্পেশালিটি হাসপাতালে ২৬ জন জ্বর, মাথাব্যথা ও বমির উপসর্গ নিয়ে ভর্তি হয়েছেন
- এর মধ্যে একাধিক শিশুও আছে



*নদীর পাড়ে দোল খাওয়া। শুক্রবার গয়েরকাটায় আব্দুল লতিফের তোলা ছবি।*

# ১০ দিন গরহাজির থাকলেই রিপোর্ট

**শুভজিৎ দত্ত**

**নাগরাকাটা, ১৩ জুন :** জলপাইগুড়ি জেলার প্রাথমিক ও উচ্চবিদ্যালয়গুলিকে মাসে ১০ দিন বা তার বেশি অনুপস্থিত থাকা পড়ুয়াদের নামের তালিকা জমা দিতে হবে। চলতি মাস থেকে জেলাজুড়ে এই সিদ্ধান্ত কার্যকরী হচ্ছে। প্রতি মাসে অনুপস্থিত ছাত্রছাত্রীদের তথ্য পরের মাসের ১ তারিখে সংশ্লিষ্ট শিক্ষা সার্কেলগুলির কাছে গুগল ফর্মের মাধ্যমে জমা করতে হবে। পরে ৩ তারিখের মধ্যে প্রধান শিক্ষক বা টিআইসিদের স্বাক্ষরিত হার্ড কপি অবর বিদ্যালয় পরিদর্শকদের কার্যালয়ে দিতে হবে। অবর বিদ্যালয় পরিদর্শকরা ওই কপি ৫ তারিখের মধ্যে জেলা বিদ্যালয় পরিদর্শকের কার্যালয়ে জমা দেবেন। এর ফলে ড্রপআউট কিংবা ড্রপআউটের প্রবণতা বোঝা সম্ভব হবে বলে শিক্ষাকর্তারা জানাচ্ছেন। উচ্চবিদ্যালয়ের ক্ষেত্রে নবম থেকে দ্বাদশ শ্রেণির বয়ঃসন্ধিকালীন ছাত্রছাত্রীদের তথ্য দেওয়ার কথা বলা হয়েছে।

এদিকে, প্রাথমিকের ক্ষেত্রে প্রাকপ্রাথমিক থেকে পঞ্চম শ্রেণির জন্য তথ্য দিতে হবে। জলপাইগুড়ির অতিরিক্ত জেলা শাসক (জেলা পরিষদ) রৌনক আগরওয়াল বলেন, 'স্কুলভিত্তিক নামের তালিকা পাওয়ার পর কী কারণে ওই পড়ুয়ারা অনুপস্থিত থাকছে তা বিশদে খোঁজ নিয়ে প্রত্যেককে স্কুলমুখী করার কাজ হবে।'

জেলা শিক্ষা দপ্তরের তরফে সম্প্রতি স্কুলগুলিকে বিষয়টি জানিয়ে বলা হয়েছে, যদি কোনও স্কুলে একাধিক ছাত্র গরহাজির থাকে তবে তাদের তথ্য আলাদা গুগল ফর্মের মাধ্যমে দিতে হবে। উচ্চবিদ্যালয়গুলির ক্ষেত্রে বয়ঃসন্ধিকালীন পড়ুয়াদের দিনের পর দিন স্কুলে গরহাজির থাকার পেছনে অনেক সময় বিয়ে হয়ে যাওয়ার মতো একটি গুরুত্বপূর্ণ ফ্যাক্টর কাজ করে। আগেভাগে সমস্যা চিহ্নিত করার জন্য ১০ দিনের মানদণ্ড বেঁধে দেওয়া হয়েছে। জলপাইগুড়ির ডিআই (প্রাথমিক) শ্যামলচন্দ্র রায় জানান, নির্দেশিকার কথা সমস্ত স্কুলকে জানিয়ে দেওয়া হয়েছে। ডিআই (মাধ্যমিক) বালিকা গোলের কথায়, 'বয়ঃসন্ধিকালীন পর্বে হঠাৎ করে স্কুলে আসা বন্ধ করে দেওয়ার পেছনে নানা কারণ থাকে। সেটা চিহ্নিত করার পর সবাইকে ফের স্কুলের অঙ্গনে ফিরিয়ে নিয়ে আসার এই পরিকল্পনাটি এককথায় অসাধারণ।'

**পড়ুয়াদের তালিকা পাঠাবে স্কুল**

প্রশাসন সূত্রে খবর, গরহাজির পড়ুয়াদের চিহ্নিত করে আকর্ষণীয় নানা পরিকল্পনা গ্রহণ করে তাদের স্কুলে ফিরিয়ে আনা হবে। এই বিষয়টি দেখভালের জন্য কলকাতা হাইকোর্টের নির্দেশে জেলা দায়রা বিচারককে শীর্ষে রেখে একটি কমিটি তৈরি হয়েছে। তাতে প্রশাসনের আধিকারিকদের পাশাপাশি শিক্ষা আধিকারিকরা রয়েছেন।

পশ্চিমবঙ্গ তৃণমূল মাধ্যমিক শিক্ষক সমিতির জলপাইগুড়ি জেলা কমিটির সভাপতি অঞ্জন দাসের মন্তব্য, 'চা বাগান ঘেরা জলপাইগুড়ি জেলার নিরিখে অত্যন্ত কার্যকরী একটি পদক্ষেপ। এতে বাল্যবিবাহ, শিশুশ্রমের মতো সামাজিক সমস্যাগুলি কোথাও রয়েছে কি না সেটা স্পষ্ট হওয়ার পর প্রয়োজনীয় পদক্ষেপে গতি আসবে।'

# ৪৫ বছরেও হয়নি স্বাস্থ্যকেন্দ্র

**অভিরূপ দে**


**ময়নাগুড়ি, ১৩ জুন :** স্বাস্থ্যকেন্দ্রের জন্য জমি নির্দিষ্ট করা হয়েছে ভোটপট্টিতে। অথচ স্বাস্থ্যকেন্দ্র হয়নি। অবিলম্বে সেই ফাঁকা জমিতে স্বাস্থ্যকেন্দ্র তৈরির দাবিতে আন্দোলনের প্রস্তুতি নিচ্ছেন এলাকার বাসিন্দারা।

সেখানে স্বাস্থ্যকেন্দ্র তৈরির দাবি দীর্ঘদিনের। সেজন্য এলাকার বাসিন্দারা ২২ বিঘা জমিও দান করেছিলেন। তারপরেও স্বাস্থ্যকেন্দ্র তৈরি না হওয়ায় ক্ষোভ বাড়ছে এলাকায়। বাসিন্দারা মিলিতভাবে মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীর দ্বারস্থ হবেন বলে জানিয়েছেন।

ভোটপট্টি এলাকার বাসিন্দা রতন সরকার বলেন, 'হাসপাতালটি তৈরি হলে এলাকার স্বাস্থ্য পরিষেবার উন্নতি ঘটবে। স্বাস্থকেন্দ্রটি তৈরির ব্যাপারে আমরা মুখ্যমন্ত্রীর কাছে এলাকার মানুষের স্বাক্ষর নিয়ে লিখিত আবেদন জানাব।'

ময়নাগুড়ি থেকে চ্যাংরাবান্ধা যাওয়ার রাস্তায়, এশিয়ান হাইওয়ের ঠিক পাশেই ভোটপট্টি বাজার পেরিয়ে রয়েছে সেই জমি। ১৯৮০ সালে এলাকার বাসিন্দারা মিলিত হয়ে স্বাস্থ্যকেন্দ্র তৈরির জন্য জমির ব্যবস্থা করেন। জমিটি জলপাইগুড়ি মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নামে রেজিস্ট্রি করে দিয়েছিলেন জমিদাতারা। এরপর ৪৫ বছর পেরিয়ে গেলেও স্বাস্থ্যকেন্দ্র তৈরি হয়নি। জমিটি বর্তমানে পরিত্যক্ত অবস্থায় রয়েছে।

ভোটপট্টিতে হাসপাতাল তৈরি হলে শুধুমাত্র এখানকার বাসিন্দারাই নয় আশপাশের রাজারহাট, হেলাপাকড়ি, জোরপাকড়ি, ব্রহ্মপুর, ধর্মপুর এলাকার লক্ষাধিক বাসিন্দা স্বাস্থ্য পরিষেবা পাবেন। এখন তো এলাকার বাসিন্দাদের কোনও সমস্যা হলে ছুটতে হয় ১৪ কিলোমিটার দূরের ময়নাগুড়ি হাসপাতাল কিংবা ৩০ কিলোমিটার দূরের জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে।



*ভোটপট্টির এই জমিতে স্বাস্থ্যকেন্দ্র তৈরির কথা ছিল।*

ভোটপট্টি ব্যবসায়ী সমিতির সভাপতি সুনীল আগরওয়াল বলেন, 'সামান্য কোনও সমস্যা হলেই এলাকার মানুষদের অন্যত্র ছুটতে হয় স্বাস্থ্য পরিষেবার জন্য। তাই ভোটপট্টিতে স্বাস্থ্যকেন্দ্র গঠন খুব জরুরি।'

২০১১ সালে বিধানসভা নির্বাচনের আগে তৎকালীন রেলমন্ত্রী তথা বর্তমানে মুখ্যমন্ত্রী ও স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ময়নাগুড়িতে নির্বাচনি জনসভা করতে এসে আশ্বাস দিয়েছিলেন, নির্বাচনে জিতে নতুন সরকার গঠন করলে ভোটপট্টিতে স্বাস্থ্যকেন্দ্র বানাবেন। স্বাভাবিকভাবেই সরকার পরিবর্তনের পর এলাকার বাসিন্দারা আশায় বুক বেঁধেছিলেন। কিন্তু তারপরেও দীর্ঘ পনেরো বছর কেটে গিয়েছে। বাসিন্দাদের আশা আর পূরণ হয়নি। উলটে হাসপাতালের জন্য নির্দিষ্ট ২২ বিঘা জমি থেকে অল্প অল্প করে বেদখল হতে বসেছে।

ভোটপট্টি এলাকার বাসিন্দা তথা তৃণমূলের জলপাইগুড়ি জেলা কমিটির সদস্য বাবান পাল বলেন, 'আমরা আশাবাদী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভোটপট্টির এই জমিতে হাসপাতাল তৈরির ব্যাপারে উদ্যোগী হবেন।'

# জলে দুর্ঘটনা রুখতে পুলিশের নজরদারি

**রামপ্রসাদ মোদক**

**রাজগঞ্জ, ১৩ জুন :** গত কয়েকদিনের তীব্র গরমে হাঁসফাঁস করছে উত্তরবঙ্গ। তাপপ্রবাহ থেকে সাময়িক স্বস্তি পেতে গ্রাম থেকে শুরু করে শহরের কিশোররাও স্নান করতে যাচ্ছে পাশের নদীতে। কিছুদিন আগেও তিস্তা-মহানন্দা লিংক ক্যানালেও অনেকে স্নান করতে আসত। কিন্তু সাঁতার না জানায় যখন-তখন ঘটছে বিপত্তি। দু'দিন আগেও তিস্তা-মহানন্দার লিংক ক্যানালে জলে ডুবে এক কিশোরের মৃত্যুর ঘটনা ঘটেছে। বিষয়টি নিয়ে অভিভাবকরাও উদাসীন। কারও নিজেদের সন্তানদের জলে সাঁতার কাটা নিয়ে খুব একটা মাথাব্যথাও নেই। যদিও ঘটনার পর থেকে পুলিশ টহলদারি চালাচ্ছে। শুক্রবারও বাইরে থেকে কয়েকজন ক্যানালে স্নান করতে এলেও পুলিশ তাদের তাড়িয়ে দিয়েছে।

অন্যদিকে, রাজগঞ্জের করতোয়া নদীর সেতুর পাশেই স্নান করছিল কয়েকজন কিশোর। ভয় লাগছে না? জিজ্ঞেস করতে দীপায়ন সরকার নামে কিশোরের উত্তর, 'আমরা সাঁতার জানি। ছোটবেলায় বাবা শিখিয়েছেন। প্রচণ্ড গরমে নদীর ঠান্ডা জলে স্নান করতে দারুণ মজা লাগে। আমি প্রায় রোজই আসি। সেইসঙ্গে ছোট মাছও ধরি।' আরেক কিশোর নয়ন দাসও পাড়ার দাদাদের কাছ থেকে সাঁতার শিখে নিয়েছে। এখন আর তার ভয় লাগে না। এ তো গেল কিশোরদের কথা। বাজারের ব্যাগ সাইকেলে নিয়ে রাজগঞ্জ বাজারের দিকে যাচ্ছিলেন স্থানীয় এক বাসিন্দা জীবন সরকার। ডুবে যাওয়ার কথা বলতেই আশঙ্কা রীতিমতো উড়িয়ে দিলেন তিনি। তাঁর কথায়, 'জীবনের ঝুঁকি রয়েছে সব কাজেই। আমাদের বাংলা নদীমাতৃক দেশ। আমি নিজেই ছোটবেলায় নদীতে স্নান করতাম। এখন আমার ছেলেরাও নদীতে স্নান করতে যায়। তীব্র গরমে নদীতে সাঁতার কাটা স্বাস্থ্যের পক্ষে ভালো। যদিও আমি ছেলেদের বাধা দিই না। তবে সাঁতার জানার পরেও হঠাৎ বিপদ ঘটলেও কিছু করার থাকে না।'

**উদাসীন অভিভাবকরা**



*তিস্তা-মহানন্দা ক্যানালে কিশোরদের স্নান।*

> আমি নিজেই ছোটবেলায় নদীতে স্নান করতাম। এখন আমার ছেলেরাও নদীতে স্নান করতে যায়। যদিও আমি ছেলেদের বাধা দিই না। তবে সাঁতার জানার পরেও হঠাৎ বিপদ ঘটলেও কিছু করার থাকে না।
>
> **জীবন সরকার** স্থানীয় বাসিন্দা

ফুলবাড়ি ক্যানালের ধারে পানমশলা সহ অন্যান্য জিনিসপত্র সাজিয়ে দোকান চালান সাধনা রায়। তাঁর সঙ্গে কথা বলতে গিয়ে জানা গেল এদিন ক্যানালে কিশোররা স্নান করতে আসেনি। পাঁচ-ছয়দিন আগেও নাকি অনেকে আসত। পুলিশের নজরদারিতেই এখন কেউ আসছে না। এপ্রসঙ্গে নিউ জলপাইগুড়ি থানার আইসি সনম লামা বলেন, 'বর্তমানে ক্যানালে প্রচুর জল। তাই স্নান করা বিপজ্জনক। তীব্র গরমে বিভিন্ন এলাকার প্রচুর ছেলে স্নান করতে আসে। কোনও দুর্ঘটনা যাতে না ঘটে সেইজন্য পুলিশ তীক্ষ্ণ নজর রাখছে। কাউকেই স্নান করতে দেওয়া হচ্ছে না। স্নান করতে আসা বেশ কয়েকজন তরুণকে পুলিশ তাড়িয়ে দিয়েছে।

# ভোজ্যতেলে স্বনির্ভরতার স্বপ্নে গবেষণা

**কার্তিক দাস**

**খড়িবাড়ি, ১৩ জুন :** উত্তরবঙ্গে স্বল্পমেয়াদি অর্থকরী ফসল তথা উৎকৃষ্ট তৈলবীজ চিনাবাদাম চাষে বড় পরিবর্তন আনতে চাইছে ভাবা পারমাণবিক গবেষণাকেন্দ্রের মুম্বই শাখা ও উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়। কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে তারা ইতিমধ্যেই যৌথভাবে অপেক্ষাকৃত কম সময়ে উন্নত প্রজাতির অধিক ফলনশীল চিনাবাদাম বীজ তৈরির গবেষণা শুরু করেছে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের খড়িবাড়ি গবেষণাকেন্দ্রে। চিনাবাদাম বীজ তৈরির অগ্রগতি ও গবেষণা কোন পর্যায়ে রয়েছে, তা খতিয়ে দেখতে শুক্রবার খড়িবাড়ি গবেষণাকেন্দ্রে আসেন উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর অফ রিসার্চ



অধ্যাপক অশোক চৌধুরী, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানী ডঃ সৈকত দাস, ডঃ শুভ্রজ্যোতি সেন, ডঃ ওয়াসিম রেজা এবং ভাবা পারমাণবিক গবেষণাকেন্দ্রের বিজ্ঞানীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে খবর, ভাবা পারমাণবিক গবেষণাকেন্দ্র ও উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় যৌথভাবে কম সময়ে উন্নত প্রজাতির ও অধিক ফলনশীল চিনাবাদাম বীজ তৈরির গবেষণা করছে। উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের খড়িবাড়ি গবেষণাকেন্দ্রের খামারে মোট সাত বিঘা জমিতে পরীক্ষামূলকভাবে চিনাবাদাম চাষ করেছে। মুম্বইয়ের ভাবা পারমাণবিক গবেষণাকেন্দ্র থেকে চিনাবাদামের বিভিন্ন 'জার্ম প্লাজম' এনে খড়িবাড়ি গবেষণাকেন্দ্রে উন্নতমানের চিনাবাদাম চাষের গবেষণা শুরু হয়েছে। খড়িবাড়ি গবেষণাকেন্দ্রের খামারে বিভিন্ন জার্ম প্লাজমের চিনাবাদাম বীজ বপন করে কৃষি বিজ্ঞানীরা বাদাম গাছগুলি নিয়মিত পর্যবেক্ষণ করছেন।

এদিন পরিদর্শকদলের বিশেষজ্ঞরা এই গবেষণার সঙ্গে যুক্ত বিজ্ঞানীদের প্রয়োজনীয় পরামর্শ দেন। পরিদর্শনের পর উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের ডিরেক্টর অফ রিসার্চ অধ্যাপক অশোক চৌধুরী বলেন, 'চিনাবাদাম একটি স্বল্পমেয়াদি অর্থকরী ফসল। পশ্চিমবঙ্গ তৈলবীজ উৎপাদনে অনেকটা পিছিয়ে। উত্তরবঙ্গের মাটি ও আবহাওয়া চিনাবাদাম চাষের অনুকূল। তাই কৃষকদের স্বার্থের কথা বিবেচনা করে এবং পশ্চিমবঙ্গকে ভোজ্যতেল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে ভাবা পারমাণবিক গবেষণাকেন্দ্রের মুম্বই শাখার সঙ্গে যৌথভাবে গবেষণা শুরু হয়েছে। ওই গবেষণাকেন্দ্র থেকে খড়িবাড়ি গবেষণাকেন্দ্রের খামারে বিভিন্ন ভ্যারাইটির জার্ম প্লাজম আনা হয়েছে। বিজ্ঞানীরা জানান, চিনাবাদামের কোন জার্ম প্লাজম উত্তরবঙ্গের আবহাওয়ার অনুকূল, কোনটি অধিক ফলনশীল, তেল উৎপাদনের পরিমাণ বেশি সে সবই পরীক্ষা করে দেখা হচ্ছে।

# ক্যানসারের চিকিৎসায় দিশা মেডিকেলে

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৩ জুন :** ট্রুকাট বায়োপসি, সিটি গাইডেড এফএনএসি সহ ক্যানসার রোগের চিকিৎসায় একাধিক আধুনিক পরিষেবা মিলছে জলপাইগুড়ি মেডিকেল কলেজে। ক্যানসারের চিকিৎসা এমনিতেই ব্যয়বহুল। বাইরে বেসরকারি কোনও চিকিৎসা প্রতিষ্ঠানে সেসব পরিষেবা পেতে লক্ষ লক্ষ টাকা খরচ করতে হয়। বিশেষ করে আর্থিকভাবে দুর্বল কারও পক্ষে সেই চিকিৎসা করানোও মুশকিল। এই পরিস্থিতিতে মেডিকেল কলেজ থেকে বিনামূল্যে একই পরিষেবা পেয়ে সুস্থ হয়ে স্বাভাবিক জীবনযাপন করছেন অনেকেই।

জলপাইগুড়ি মেডিকেল কলেজের প্রতিষ্ঠার সময় থেকেই এখানে অঙ্কোলজি বিভাগটি রয়েছে। রোগীর সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে এই বিভাগের পরিকাঠামো বেড়েছে। পরিষেবা আধুনিক হয়েছে। চলতি বছরে এখনও পর্যন্ত ১৬০ জন নতুন রোগী এই বিভাগে চিকিৎসা পরিষেবার জন্য এসেছেন। আর ফলোআপ রোগীর সংখ্যা ৭৩৪। একটা সময় ছিল যখন পরিকাঠামোগত সমস্যায় এখানে ক্যানসার রোগ নির্ণয়ের জন্য বায়োপসি পরীক্ষা পর্যন্ত হত না। বর্তমান রোগ নির্ণয়ের জন্য আধুনিক সিটি স্ক্যান গাইডেড বায়োপসি পর্যন্ত এখানে হচ্ছে।

জলপাইগুড়ি মেডিকেল কলেজের ক্যানসার রোগ বিশেষজ্ঞদের দাবি, প্রথম ধাপে ক্যানসার রোগ ধরা পড়লে ৮০




জলপাইগুড়ি মেডিকেল কলেজের ক্যানসার বহির্বিভাগ। শুক্রবার।

থেকে ৯০ শতাংশ ক্ষেত্রে রোগী সম্পূর্ণ সুস্থ হয়ে যাচ্ছেন। এই জায়গায় দাঁড়িয়ে ক্যানসার রোগের চিকিৎসায় যে দিশা দেখাচ্ছে জলপাইগুড়ি মেডিকেল কলেজ, তা বলাই বাহুল্য। জলপাইগুড়ি মেডিকেল কলেজের এমএসভিপি ডাঃ কল্যাণ খান বলেন, 'আমাদের ক্যানসার বিভাগে এখন সব থেকে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে রোগ শনাক্তকরণ করা হচ্ছে। যে পরীক্ষানিরীক্ষাগুলো করতে বাইরে মোটা টাকা খরচ হয়, সেগুলো সম্পূর্ণ বিনামূল্যে মেডিকেল কলেজে থেকে করা হচ্ছে। শুধু পরীক্ষানিরীক্ষাই নয়, বেশ কিছু কেমোথেরাপি এবং ইনজেকশন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সেইসব পরিষেবার এক-একটির দাম লক্ষাধিক টাকা। সেগুলো আমাদের এখান থেকে সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হচ্ছে।'

কোনও বেসরকারি প্রতিষ্ঠানে সিটি স্ক্যান গাইডেড বায়োপসির খরচ ১৫ থেকে ২০ হাজার টাকা। জলপাইগুড়ি মেডিকেল কলেজে তা বিনামূল্যে হয়। ব্রেস্ট ক্যানসার নির্ণয়ের ক্ষেত্রে যে নমুনা সংগ্রহ করতে হয়, তা এতদিন রোগীকে হাসপাতালে ভর্তি রেখে অপারেশন থিয়েটারে নিয়ে গিয়ে করতে হত। ট্রুকাট বায়োপসি পদ্ধতিতে এখন খুব অল্প সময়ে এই নমুনা সংগ্রহ করা যাচ্ছে।

মেডিকেলের অঙ্কোলজি বিভাগের প্রধান প্রেমনাথ দত্ত বলেন, 'আমরা ইতিমধ্যে ৫০টির ওপর সিটি গাইডেড এফএনএসি এবং ১৫টি ট্রুকাট বায়োপসি করেছি।'

কথা হচ্ছিল জলপাইগুড়ি মেডিকেল কলেজে চিকিৎসা করিয়ে সুস্থ হয়েছেন এমন এক রোগীর ছেলে সঞ্জীব সরকারের সঙ্গে। বললেন, '২০২২ সালে আমার মায়ের ব্রেস্ট ক্যানসার নির্ণয় হয়। জলপাইগুড়ি মেডিকেল কলেজে থেকে চিকিৎসার পর এখন সম্পূর্ণ সুস্থ রয়েছে। আমি মেডিকেল কলেজ কর্তৃপক্ষের কাছে কৃতজ্ঞ।'



টি বোর্ডের সভা শুক্রবার কলকাতায়।

# চায়ের প্রাইস শেয়ারিং ফর্মুলা নিয়ে দাবি

**নাগরাকাটা, ১৩ জুন :** কাঁচা চা পাতার দাম ঠিক করতে প্রাইস শেয়ারিং ফর্মুলা তৈরির দায়িত্ব বিশেষজ্ঞ সরকারি সংস্থাকে দেওয়ার দাবির কথা টি বোর্ডের সভায় উঠে এল। শুক্রবার কলকাতায় অনুষ্ঠিত ওই বৈঠকে উত্তরবঙ্গের ক্ষুদ্র চা চাষিরা এ ব্যাপারে নিজেদের অবস্থান জোরালো ভাষায় পরিষ্কার করে দেন। ওই ফর্মুলা জেলাগতভাবে না করে ফ্যাক্টরিগতভাবে করার দাবির কথাও জানানো হয়। যতদিন প্রাইস শেয়ারিং ফর্মুলা তৈরি না হচ্ছে তার আগে কাঁচা পাতার ন্যূনতম ন্যায্যমূল্য ঠিক করার দাবিও ক্ষুদ্র চা চাষিদের সংগঠনগুলি এদিন টি বোর্ডের কাছে তুলে ধরে। কনফেডারেশন অফ ইন্ডিয়ান স্মল টি গ্রোয়ার্স অ্যাসোসিয়েশন (সিস্টা)–এর সভাপতি বিজয়গোপাল চক্রবর্তী বলেন, 'টি বোর্ড নিযুক্ত একটি সংস্থা ২০২৪ সালে প্রাইস শেয়ারিং ফর্মুলা ঠিক করতে যে প্রস্তাব জমা দিয়েছিল তাতে উত্তরবঙ্গের ক্ষেত্রে কাঁচা পাতার গড় উৎপাদন ব্যয় কিলোপ্রতি ১৩ টাকা ধরা হয়েছিল। ২০১৮ সালে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্ল্যান্টেশন ম্যানেজমেন্ট (আইআইপিএম)–এর রিপোর্ট অনুযায়ী ওই পরিমাণ ছিল কিলোপ্রতি ১৭.৮৭ টাকা। এমনকি ২০০৭ সালে ভারত সরকারের অধীনস্থ ইনস্টিটিউট অফ কস্ট অ্যান্ড ওয়ার্কস অ্যাকাউন্ট অফ ইন্ডিয়ার রিপোর্টে তা ১৪ টাকা ধরা হয়। ২০২৪ সালে কীভাবে তা কমে গেল সেটা কারও বোধগম্য নয়। সেকারণে সরকারি সংস্থাকে ওই দায়িত্ব দেওয়ার দাবি জানানো হয়েছে। টি বোর্ড নীতিগতভাবে এদিন সেটা মেনেও নিয়েছে। আমাদের নিজস্ব হিসেব অনুযায়ী বর্তমানে উৎপাদন ব্যয় ১৯ টাকা ছাড়িয়ে গিয়েছে।'

# নতুন ট্রেনে রেকর্ড বুকিং

**জলপাইগুড়ি, ১৩ জুন :** শনিবার জলপাইগুড়ি রোড স্টেশন থেকে নতুন ট্রেন 'হমসফর এক্সপ্রেস' চালু হতে চলেছে। তার আগেই অধিকাংশ আসন বুক করে ফেলেছেন যাত্রীরা। ২টি স্লিপার কোচের আসন ওয়েটিং তালিকায় চলে গিয়েছে। তৃতীয় শ্রেণির এসির কামরাগুলির বুকিংও প্রায় হয়ে গিয়েছে। মোট ১৪০০টি আসনের মধ্যে ১২৫০টি আসনের বুকিং করেছেন যাত্রীরা। বৃহস্পতিবার থেকে নতুন ট্রেনের টিকিট কাটা শুরু হয়। শুক্রবার পর্যন্ত উত্তর-পূর্ব সীমান্ত রেল মারফত পাওয়া বুকিংয়ের তথ্য অনুযায়ী এখবর জানা গিয়েছে।

এবিষয়ে সাংসদ ডাঃ জয়ন্ত রায় বলেন, 'আসলে কলকাতা যাওয়ার জন্য মানুষ প্রথমে ট্রেনের চেষ্টাই করেন। তাই নতুন ট্রেনে যাওয়ার এত হিড়িক যাত্রীদের। শনিবার দুপুর দুটোয় জলপাইগুড়ি রোড থেকে শিয়ালদার উদ্দেশে নতুন ট্রেন রওনা দেবে। স্থায়ীভাবে ২০ তারিখ শিয়ালদা থেকে এবং ২১ তারিখ জলপাইগুড়ি রোড থেকে রওনা হবে।'

## দাবি মেনে গার্ডরেল বসানো হবে

# শিশুমৃত্যুতে পথ অবরোধ

**শুভদীপ শর্মা**

**ময়নাগুড়ি, ১৩ জুন :** সম্প্রতি কন্যাবাড়ি এলাকায় বেপরোয়া গতির এক ভুটভুটির ধাক্কায় চতুর্থ শ্রেণির এক ছাত্রীর মৃত্যু হয়। তারপর থেকেই ক্ষোভে ফুঁসছিলেন এলাকার বাসিন্দারা। যান নিয়ন্ত্রণ থেকে শুরু করে সেখানে রাস্তায় গাড়ির গতি নিয়ন্ত্রণে কোনও ব্যবস্থা না থাকার খেসারত দিতে হয়েছে ওই শিশুকে। তবু কোনও হেলদোল নেই পুলিশ-প্রশাসনের বলে অভিযোগ তোলেন তাঁরা। এই পরিস্থিতিতে বাধ্য হয়ে শুক্রবার ময়নাগুড়ি ব্লকের আমগুড়ি গ্রাম পঞ্চায়েতের ওই এলাকায় পানবাড়ি-ময়নাগুড়িগামী রাজ্য সড়ক অবরোধ করেন বাসিন্দারা। ঘণ্টাখানেক ধরে চলে অবরোধ। খবর পেয়ে ময়নাগুড়ি থানার পুলিশ ঘটনাস্থলে আসে। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষ ও ময়নাগুড়ি থানার ট্রাফিক ওসি অতুলচন্দ্র দাস বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলেন। এরপর তাঁদের দাবিমতো এলাকায় গার্ডরেল ব্যারিয়ার বসান। পাশাপাশি এলাকায় যান নিয়ন্ত্রণের জন্য ট্রাফিক পুলিশকর্মী দেওয়ারও আশ্বাস দেন। তারপরই দুপুর একটা নাগাদ অবরোধ উঠে যায়।

ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষ বলেন, 'এলাকায় ব্যারিয়ার বসানো হয়েছে। ওই রাস্তায় ট্রাফিক পুলিশের নজরদারিও চলে লাগাতার। দুর্ঘটনা এড়াতে নজরদারি আরও বাড়ানো হবে।'

গত মঙ্গলবার তখন রাত দশটা। আমগুড়ি কন্যাবাড়ি এলাকার চতুর্থ শ্রেণির ছাত্রী জুলি রায় তার দাদু গুড্ডু রায়ের সাইকেলের পিছনে বসে বাড়ি



পথ অবরোধ কন্যাবাড়ি এলাকায়। শুক্রবার।

**বাড়ছে উদ্বেগ**

- দ্রুতগতির ভুটভুটির ধাক্কায় কয়েকদিন আগে মৃত্যু হয়েছে এক ছাত্রীর
- এরপরও পুলিশ সেখানে যান নিয়ন্ত্রণে কোনও পদক্ষেপ করেনি বলে অভিযোগ
- বাধ্য হয়ে এদিন বাসিন্দারা পথ অবরোধ করেন
- এলাকায় যান নিয়ন্ত্রণের জন্য ট্রাফিক পুলিশকর্মী দেওয়ারও আশ্বাস দেওয়া হয়েছে

ফিরছিল। সেই সময় আমগুড়ি থেকে ময়নাগুড়িগামী একটি দ্রুতগতির ভুটভুটি তাদের সাইকেলে ধাক্কা মারে। দুজনেই ছিটকে পড়ে যায়। স্থানীয়রা তাদের উদ্ধার করে চিকিৎসার জন্য ময়নাগুড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা জুলিকে মৃত ঘোষণা করেন। গুরুতর আহত অবস্থায় গুড্ডু বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন। ভুটভুটি চলাচল বন্ধ সহ যান নিয়ন্ত্রণে পদক্ষেপের দাবিতে এদিন রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখালেন গ্রামবাসীরা।

স্থানীয় বাসিন্দা অজিত মণ্ডল বলেন, 'এদিন ব্যারিয়ার বসানো হলেও যান নিয়ন্ত্রণের জন্য কোনও পুলিশ দেওয়া হয়নি। এই পথে আগে থেকেই দ্রুতগতিতে গাড়ি যাতায়াত করে। পাশাপাশি ভুটভুটি চলে অবাধে। মাঝেমধ্যেই দুর্ঘটনা ঘটে। সেদিন একটি নিষ্পাপ শিশুর প্রাণ গেল। তবু যান নিয়ন্ত্রণে কোনও ব্যবস্থাই নেয়নি পুলিশ। তাই বাধ্য হয়ে পথে নামতে হল আমাদের।' একই কথা বলেন রাধাকৃষ্ণ সরকার, কর্ণদেব রায়, রাজেশ রায়রা।

তাঁরা গাড়ির গতি নিয়ন্ত্রণের জন্য এলাকায় ট্রাফিক পুলিশের দাবি জানিয়েছেন। আগামীতে তাঁদের দাবি পূরণ না হলে ফের আন্দোলনে নামার হুঁশিয়ারিও দিয়েছেন।

## পথবাতির দাবি

**গয়েরকাটা, ১৩ জুন :** বানারহাট ব্লকের সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েতের সজনাপাড়া খারিয়া বস্তি এলাকায় পথবাতি নেই। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, প্রায়দিনই সন্ধ্যায় এলাকায় হাতি হানা দেয়। এলাকায় পথবাতি না থাকায় সন্ধ্যা হতেই কাজ ফেলে এলাকাবাসীকে ঘরে ফিরতে হচ্ছে। বারবার প্রশাসনকে জানিয়েও লাভ হয়নি বলেও অভিযোগ।

স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য বিনোদ রায় অবশ্য সমস্যার কথা স্বীকার করে নিয়েছেন। তিনি বলেন, 'আমরা বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি।' স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, আংরাভাসা থেকে খারিয়া বস্তি পর্যন্ত আলোর ব্যবস্থা নেই। রাতে হাতি ঢুকে ঘরবাড়ি ভাঙা থেকে শুরু করে ফসল নষ্ট করে চলেছে।

## মারধরে গ্রেপ্তার

**শিলিগুড়ি, ১৩ জুন :** পুরোনো শত্রুতার জেরে প্রতিবেশী তিন ভাইকে মারধরের অভিযোগে গ্রেপ্তার হলেন এক ব্যক্তি। পুলিশ জানায়, ধৃত ওই ব্যক্তির নাম রাজেশ সিং। ধৃতকে শুক্রবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক। পুলিশ সূত্রে জানা গিয়েছে, যাবতীয় ঘটনা ঘটে বৃহস্পতিবার দুপুরে। শিলিগুড়ি শহরের আদর্শ নগরে দুই প্রতিবেশী পরিবারের মধ্যে বেশ কিছুদিন ধরেই টানাপোড়েন চলছিল। বৃহস্পতিবার দুই পরিবার মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়ে। অভিযোগ, রাজেশ তার দুই ছেলেকে সঙ্গে নিয়ে প্রতিবেশী পরিবারের তিন ভাইকে বেধড়ক মারধর করেন বলে অভিযোগ। পরিস্থিতি এমন হয় যে, তিনজনকেই শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করতে হয়। এরপর পুলিশকে খবর দিতেই পুলিশ এসে রাজেশকে গ্রেপ্তার করে।

## প্রস্তুতি সভা

**চালসা, ১৩ জুন :** আগামী ৩০ জুন মেটেলি উচ্চবিদ্যালয় প্রাঙ্গণে হুল দিবস পালন করা হবে। হুল দিবস পালন নিয়ে শুক্রবার মাটিয়ালি বিডিও অফিস হলঘরে প্রস্তুতি সভা করা হয়। সভায় ওই দিনের অনুষ্ঠানের প্রস্তুতির বিষয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন মাটিয়ালির বিডিও অভিনন্দন ঘোষ, জেলা পরিষদ সদস্যা স্নোমিতা কালান্দি প্রমুখ।



ক্রান্তিতে অস্থায়ী বিডিও অফিস। –সংবাদচিত্র

# ক্রান্তি বিডিও অফিসের জমির খোঁজ শুরু

**ক্রান্তি, ১৩ জুন :** ২০২১ সালের ফেব্রুয়ারিতে ক্রান্তি পৃথক ব্লকের মর্যাদা পাওয়ার চার বছর পরেও স্থায়ী বিডিও অফিস হল না। ক্রান্তি গ্রাম পঞ্চায়েতের উলটোদিকে উত্তর সারিপাকুড়ির একটি সরকারি ভবনে অস্থায়ীভাবে বিডিও অফিসের কাজ চলছে। স্থায়ী বিডিও অফিস ছাড়াও এলাকার বাসিন্দারা ক্রান্তিতে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তর, শ্রম দপ্তর এবং কৃষি দপ্তরের অফিস চালু করার দাবি জানাচ্ছেন।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, ক্রান্তি ব্লকের বিডিও এবং পঞ্চায়েত সমিতির সভাপতিকে অফিসের জন্য জায়গা দেখতে বলা হয়েছে। সরকারি জমিতে বিডিও অফিস তৈরি হবে। লাটাগুড়ি এবং ক্রান্তিতে বেশকিছু জায়গা ইতিমধ্যে দেখাও হয়েছে। পঞ্চায়েত সমিতির সভাপতি পঞ্চানন রায় বললেন, 'লাটাগুড়ির ক্রান্তি মোড়ে পূর্ত দপ্তরের এবং ক্রান্তির সাতহাত কালীবাড়িতে সরকারি জমি দেখা হয়েছে। শীঘ্রই জমি চিহ্নিত করে স্থায়ী অফিস তৈরি করা হবে।'

ক্রান্তির বাসিন্দা মিতালি ভট্টাচার্যের কথায়, 'এখনও স্থায়ী বিডিও অফিস না থাকায় ভীষণ অসুবিধা হচ্ছে। অন্যান্য সরকারি দপ্তর না থাকাতেও ভোগান্তির শিকার হতে হচ্ছে বাসিন্দাদের। ক্রান্তিকে ব্লক করার উদ্দেশ্য এতদিনেও বাস্তবায়িত হয়নি। ফলে এখানকার বাসিন্দাদের মালবাজারের ওপর নির্ভর করতে হচ্ছে। এতে যেমন অর্থব্যয়, তেমনই সময়ের অপচয় হচ্ছে।'

ক্রান্তির আরেক বাসিন্দা সৌম্যশ্রী ঘোষ বললেন, 'ক্রান্তির বিডিও অফিস থেকে অনেক পরিষেবা মেলে না। প্রশাসন দায়িত্ব নিয়ে স্থায়ী অফিস নির্মাণে উদ্যোগী হোক।' এখন ক্রান্তি বিডিও অফিস চলছে স্বল্প সংখ্যক অস্থায়ী কর্মী নিয়ে। ২০১৭ সালে ক্রান্তি ব্লকের প্রথম বিডিও ছিলেন প্রবীরকুমার সিনহা। এখন সেই পদে আছেন রিমিল সোরেন।

**মানুষের দাবি**

- উত্তর সারিপাকুড়ির একটি সরকারি ভবনে অস্থায়ীভাবে বিডিও অফিস চলছে
- ব্লক অফিসের জন্য লাটাগুড়ি এবং ক্রান্তিতে একাধিক জমি দেখা হয়েছে
- শীঘ্রই স্থায়ী ব্লক অফিস তৈরির কাজে হাত দেওয়া হবে

# ভ্রাতৃবধূকে পেতে ভাইঝিকে মার

**শুভাশিস বসাক**

**ধূপগুড়ি, ১৩ জুন :** নিজের ভাইয়ের বিধবা বৌয়ের দিকে কুনজর। আর পথের কাঁটা সরাতে ভাইঝিকে জোর করে কীটনাশক খাইয়ে দেওয়ার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। বৃহস্পতিবার রাতে ধূপগুড়ি ব্লকের ভেমটিয়া এলাকায় ঘটনাটি ঘটেছে। শুক্রবার সকালে লিখিত অভিযোগ দায়ের করেছেন ওই বধূ। সেই নাবালিকাকে আশঙ্কাজনক অবস্থায় জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। বর্তমানে সে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। অভিযুক্ত ভাশুর ও তার স্ত্রী পলাতক রয়েছে। ধূপগুড়ি থানার পুলিশ জানিয়েছে, অভিযোগ দায়ের পরেই অভিযুক্তদের খোঁজে তল্লাশি শুরু করা হয়েছে।

সেই বধূর স্বামীর মৃত্যু হয়েছে প্রায় দুই বছর আগে। অভিযোগ, তারপর থেকে ভাশুরের নজর পড়েছিল তাঁর দিকে। মাঝেমধ্যেই রাতে ঘরের দরজায় ধাক্কা দিয়ে বের হয়ে আসার কথা বলত ভাশুর। সেই কথা না শুনলে মারধর করত। শুক্রবার মারধরের মাত্রা এতটাই বেড়ে যায় যে বধূর ছেলে ও মেয়ে মাকে উদ্ধার করার জন্যে এগিয়ে যায়। তখন তাঁর কিশোর ছেলেকে মারধর করা হয় ও নাবালিকা মেয়েকে শ্লীলতাহানি করার পর জোর করে কীটনাশক খাইয়ে দেওয়া

**ধূপগুড়ি**

হয় বলে অভিযোগ। এরপর সেই নির্যাতিতা দুই সন্তানকে ধূপগুড়ি হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে নাবালিকাকে আশঙ্কাজনক অবস্থায় জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে স্থানান্তর করা হয়েছে।

সেই বধূর কথায়, 'ও প্রায়ই রাতে ঝামেলা করত। বৃহস্পতিবার সন্তানরা বাড়িতে না থাকার সুযোগে মারধর শুরু করে। তখনই দুই সন্তান চলে আসে এবং তারা আমাকে উদ্ধার করতে এগিয়ে আসে। তখন আমার মেয়েকে মারধর করে কীটনাশক খাইয়ে দেয়।' বধূর আরও অভিযোগ, ঘটনার পর থেকে তাঁর ভাশুরের পরিচিত কয়েকজন বাড়ির আশপাশে ঘোরাঘুরি করছে। সেটাও তাঁদের কাছে আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে।

## বর্ধিত সভা

**ময়নাগুড়ি, ১৩ জুন :** ময়নাগুড়ি ১ নম্বর ব্লক তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে চূড়াভাণ্ডার অঞ্চল তৃণমূল যুব কংগ্রেসের বর্ধিত সভা শুক্রবার অনুষ্ঠিত হল করকরিহাট ময়দানে। সভায় সাংগঠনিক আলোচনার পাশাপাশি আগামী বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা হয়। সভায় বক্তব্য রাখেন ময়নাগুড়ি ১ নম্বর ব্লক তৃণমূল সভাপতি মনোজ রায়, ব্লক তৃণমূল যুব সভাপতি শ্যামল রায় সহ অন্যরা।

# নদীভাঙন নিয়ে আতঙ্কে ফকিরপাড়া

**অমিতকুমার রায়**

**মানিকগঞ্জ, ১৩ জুন :** আসছে বর্ষা, বাড়ছে আতঙ্ক। ইতিমধ্যে নদীভাঙন নিয়ে উদ্বিগ্ন দক্ষিণ বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েতের সাতকুড়ার ফকিরপাড়া গ্রামের বাসিন্দারা। গত কয়েক বছরে ওই গ্রামে যমুনা নদীর ভাঙন ভয়াবহ আকার ধারণ করেছে। ইতিমধ্যে কৃষিজমি, চা বাগান, রাস্তা, ইদগাহ ময়দান, কবরস্থান নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে। এবার ভিটেমাটি হারানোর আশঙ্কায় রাতের ঘুম উড়েছে বাসিন্দাদের। তাঁরা জানিয়েছেন, প্রতিবছর বর্ষায় নদীভাঙন বাড়ছে। জমি-বাড়ি নদীগর্ভে চলে গেলে পেট চালাবেন কীভাবে? প্রশাসন কেন কোনও পদক্ষেপ করছে না বুঝতে পারছেন না।

এই পরিস্থিতিতে নদীভাঙন রুখতে প্রশাসনের কাছে প্রয়োজনীয় পদক্ষেপ করার আর্জি জানিয়েছেন বাসিন্দারা।

এ ব্যাপারে স্থানীয় গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান অন্নকান্ত দাস বলেন, 'নদীভাঙন রোধে বোল্ডার দিয়ে পাড়বাঁধ তৈরি করার জন্য সেচ দপ্তরের কর্তারা এলাকাটি পরিদর্শন করে গিয়েছেন। তারপর আর কোনও উদ্যোগ চোখে পড়েনি। বিষয়টি আমি পুনরায় সেচ দপ্তরের নজরে আনব।'

দক্ষিণ বেরুবাড়ি গ্রাম পঞ্চায়েতের পাশ দিয়ে বয়ে গিয়েছে যমুনা নদী। আর ওই নদীর ভাঙন নিয়ে ফি বছরই চিন্তিত থাকেন গ্রামের বাসিন্দারা। সাতকুড়া বাজার সংলগ্ন ফকিরপাড়া গ্রামে যমুনা নদীর ভাঙন ব্যাপক আকার ধারণ করেছে। এর জেরে ইতিমধ্যে এলাকার বহু ক্ষুদ্র চা বাগান নদীগর্ভে বিলীন হয়েছে। চা বাগানের পাশাপাশি চাষের জমিও ধীরে ধীরে নদীতে তলিয়ে যেতে শুরু করেছে। এলাকার একমাত্র ইদগাহ ময়দান ও গোরস্থানটিও ভাঙনের হাত থেকে নিস্তার পায়নি। স্থানীয় এক তরুণ খালেক রহমান বলেন, '১৯৪৭ সাল থেকে ওই ইদগাহ ময়দানে নমাজ পড়া হয়। প্রায় দুই বিঘা জমির ওপর এই ময়দানে চারটি জামাতের মানুষ নমাজ পড়তেন। কিন্তু নদীর ভাঙনে প্রায় ময়দানটির অধিকাংশ নদীগর্ভে বিলীন হয়ে গিয়েছে। জায়গার অভাবে বর্তমানে মাত্র একটি জামাতের মানুষ সেখানে নমাজ আদায় করতে পারেন। বাকিরা নিজেদের এলাকার মসজিদে নমাজ পড়তে বাধ্য হচ্ছেন।' এদিকে, গ্রামবাসীরা যখন চিন্তায় রাত জেগে দিন কাটাচ্ছেন তখন হুঁশ নেই প্রশাসনের বলে অভিযোগ।

গ্রামবাসীদের অভিযোগ, ভাঙন কবলিত এলাকা বিভিন্ন সময়ে পরিদর্শন করে গিয়েছেন জনপ্রতিনিধি সহ সেচ দপ্তরের আধিকারিকরা। এরপর আর কোনও তৎপরতা নজরে আসেনি।

জলপাইগুড়ি সেচ দপ্তরের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার দেবব্রত দত্তকে এই নিয়ে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন না তোলায় বক্তব্য মেলেনি।



সাতকুড়ার ফকিরপাড়া এলাকায় যমুনা নদীর ভাঙন।

# খাঁচাবন্দি চিতাবাঘ, গ্রামে হাতির তাণ্ডব

**রহিদুল ইসলাম ও শুভজিৎ দত্ত**

**মেটেলি ও নাগরাকাটা, ১৩ জুন :** বন দপ্তরের পাতা খাঁচায় বন্দি হল পূর্ণবয়স্ক চিতাবাঘ। ঘটনাটি মেটেলি ব্লকের সামসিং চা বাগানের। বৃহস্পতিবার রাতে বাগানের লোয়ার লাইনে পাতা খাঁচায় ওই চিতাবাঘটি ধরা পড়ে। দেওয়া হয়েছিল ছাগলের টোপ। রাতে স্থানীয়রা পাতা খাঁচায় চিতাবাঘের গর্জন শুনতে পান। গিয়ে দেখেন বড় চিতাবাঘ একটি খাঁচার ভেতরে ছোটাছুটি করছে। খবর চাউর হতেই বহু মানুষের ভিড় হয় এলাকায়। খবর দেওয়া হয় বন দপ্তরের খুনিয়া স্কোয়াড ও নেওড়া সাউথ রেঞ্জে। দুই রেঞ্জের বনকর্মীরাই ঘটনাস্থলে পৌঁছান। খুনিয়া স্কোয়াডের বনকর্মীরা খাঁচা সহ চিতাবাঘ উদ্ধার করে নিয়ে যান।

এবিষয়ে খুনিয়া স্কোয়াডের রেঞ্জ অফিসার সজলকুমার দে জানান, চিতাবাঘটিকে এদিনই গরুমারা জঙ্গলে ছেড়ে দেওয়া হয়েছে।



সামসিং চা বাগানের লোয়ার লাইনে খাঁচাবন্দি চিতাবাঘ। শুক্রবার।

স্থানীয় বাসিন্দা বিবেক প্রধান বলেন, 'কয়েকদিন ধরেই লোয়ার লাইন এলাকায় সন্ধ্যার পরেই ছাগল, মুরগি নিয়ে যাচ্ছিল জন্তুটি। এলাকায় চিতাবাঘ ধরতে বন দপ্তরকে খাঁচা বসানোর আবেদন জানানো হয়। সপ্তাহখানেক আগে বন দপ্তরের তরফে ওই খাঁচা বসানো হয়। এদিন চিতাবাঘ খাঁচাবন্দি হয়।'

অন্যদিকে, বৃহস্পতিবার রাতে দলছুট একটি মাকনার রাতভরের তাণ্ডব ঘুম উড়িয়ে দিল লুকসানের বাসিন্দাদের। বন দপ্তরের ৩টি গাড়ির সাঁড়াশি অভিযানে যখন হাতিটি জঙ্গলমুখী হয় তখন শুক্রবার সকাল ৬টা। মাকনাটিকে বাগে আনতে নাস্তানাবুদ হতে হয় অভিজ্ঞ বনকর্মীদেরও। দৌরাত্ম্যের পর্বে মাকনাটি দুরমুশ করে তিন গৃহস্থের দুটি রান্না ঘর সহ একটি বাড়ি। তছনছ করে প্রচুর সুপারি গাছ। ভেঙে ফেলে কয়েকটি বাড়ির বেড়া।

বন দপ্তরের ডায়না রেঞ্জের রেঞ্জ অফিসার অশেষ পাল বলেন, 'হাতিটির গতিবিধির প্রতি সতর্ক নজর রেখে চলা হয়েছে। ক্ষতিগ্রস্তরা আবেদন করলে ক্ষতিপূরণ পাবেন।'

স্থানীয় ও বন দপ্তর সূত্রে খবর, ওই রাতে ডায়নার জঙ্গল থেকে একাধিক শাবক সহ ১৬-১৭টি হাতির একটি পাল লোকালয়ে আসে। এর মধ্যে ১টি হাতি ক্যারন রেলস্টেশনের পাশ দিয়ে ঢুকে পড়ে লুকসানের ভুট্টাবাড়ি বস্তিতে। সেখান থেকে লুকসান চা বাগান হয়ে লুকসান বাজার লাইনে প্রবেশ করে। স্থানীয় বোমবাহাদুর সুব্বার বাগানের কলা সাবাড় করে। এরপর রীতা সুব্বার রান্নাঘর ভেঙে যাবতীয় আনাজপাতি খেয়ে ফেলে। এরপর হামলা চালায় ইন্দ্রমায়া লিম্বুর রান্নাঘরে। পরে চুরমার করে দেয় কিশোর ওরাওঁ নামে এক দুঃস্থ ব্যক্তির কাঁচাবাড়ি। বর্তমানে ওই পরিবারটির মাথা গোঁজার কোনও আস্তানা নেই।

এদিকে, শুক্রবার বিকেলে একপাল হাতি ডায়না জঙ্গল থেকে বেরিয়ে লাগোয়া ডায়না নদীতে জল খেতে আসে। তা দেখতে ১৭ নম্বর জাতীয় সড়কের ডায়না সেতু থেকে ভিড় জমান অনেকে। খবর পেয়ে বন দপ্তরের ডায়না রেঞ্জের কর্মীরা গিয়ে পালটির গতিবিধির ওপর নজরদারি শুরু করেন।

> আমার ৭০ বছরের জীবনে দর্শনীয় ভবনটিকে আস্তে আস্তে ধ্বংস হওয়ার পথে চলে যাওয়ার মতো অবস্থায় দেখছি। এরকম এক ঐতিহ্য বহনকারী নির্মাণকে কেন সংরক্ষণ করা হচ্ছে না, তা বুঝতে পারছি না। ভবনটি ভাঙার কথা উঠবে কেন? সরকারের অনেক ফাঁকা জায়গা রয়েছে, সেখানে বানাক যা বানানোর।
>
> – ধীরাজমোহন ঘোষ
> *প্রাক্তন প্রধান শিক্ষক, জলপাইগুড়ি জিলা স্কুল*




> আমাদের কমিটি গঠনের পর এই ভবনকে হেরিটেজ ঘোষণা করার জন্য কিংবা সার্ভে করার জন্য কোনও আবেদন জমা পড়েনি। যদি আসে কোনও আবেদন তাহলে আমরা নিশ্চয়ই আলোচনা করব।
>
> – আনন্দগোপাল ঘোষ
> *উত্তরবঙ্গের সদস্য, রাজ্য হেরিটেজ কমিশন*

## শতাব্দীপ্রাচীন ভবন সংরক্ষণের আর্জি শহরবাসীর

# সেই লাল বাড়িটা...






*পরিত্যক্ত অবস্থায় পুরোনো ফ্যাক্টরি ইনস্পেকটরের ভবন। জলপাইগুড়িতে। ছবি : শুভঙ্কর চক্রবর্তী*

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৩ জুন :** উনিশ শতকে তৈরি শিবাজি লেনের লাল বাড়িটি থুড়ি ফ্যাক্টরি ইনস্পেকটর দপ্তর জলপাইগুড়ির নানা অজানা ইতিহাসের সাক্ষী। কিন্তু মানুষের মতো এই ভবনটিরও আয়ু শেষের দিকে।

ওই ভবনেই ঝুঁকি নিয়ে কাজ করছিলেন উত্তরবঙ্গের জেলাগুলির দায়িত্বপ্রাপ্ত ফ্যাক্টরি ইনস্পেকটর। গত বছর ফেব্রুয়ারি মাসে সেই বিপজ্জনক ভবন থেকে অফিস স্থানান্তরিত করা হয় অন্য জায়গায়। তারপর থেকে পুরোনো ভবনটি যেন ভূতুড়ে বাড়ি। এখন তার চারদিকে গজিয়েছে ঝোপঝাড়। বংশবিস্তার করেছে বট-পাকুড়। বেড়েছে সাপের উপদ্রব। দেওয়াল, ছাদ যেন ফুটো করে আঁকড়ে ধরছে লাল বাড়িটিকে।

দায়িত্বপ্রাপ্ত ফ্যাক্টরি ইনস্পেকটর অভিজিৎ বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমাদের বলা হয়েছিল ভবনটি সংস্কার করা হবে। ভবনের পেছনের ফাঁকা জায়গায় শ্রম দপ্তরের নতুন ভবন হবে। সেইমতো আমরা জেলা শাসকের অফিসের সঙ্গে থাকা ট্রেজারি বিল্ডিংয়ে চলে আসি। কিন্তু ওই ভবনের সংস্কার কবে হবে সেই বিষয়ে কোনও আপডেট নেই আমার কাছে।' শতবর্ষ প্রাচীন ওই ভবনে ফ্যাক্টরি ইনস্পেকটরের বোর্ড এখনও লাগানো রয়েছে, কিন্তু ভবনটির যা হাল তাতে শহরবাসী চান, একে সংস্কার করে দর্শনীয় স্থান হিসেবে গড়ে তোলা হোক। তবে পূর্ত দপ্তরের তরফে কিছুই করা হয় না বলে অভিযোগ। জলপাইগুড়ি জিলা স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক ধীরাজমোহন ঘোষের কথায়, 'আমার ৭০ বছরের জীবনে দর্শনীয় ভবনটিকে আস্তে আস্তে ধ্বংসের পথে চলে যাওয়ার মতো অবস্থায় দেখছি। এরকম এক ঐতিহ্য বহনকারী নির্মাণকে কেন সংরক্ষণ করা হচ্ছে না তা বুঝতে পারছি না। ভবনটি ভাঙার কথা উঠবে কেন! সরকারের অনেক ফাঁকা জায়গা রয়েছে, সেখানে বানাক যা বানানোর।'

তাঁর কথায় সায় জানান, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী নির্মল রায়। বললেন, 'ফ্যাক্টরি ইনস্পেকটরের ভবনটি উনিশ শতকের একটি নির্মাণকাজ। ইচ্ছাকৃতভাবে এটাকে নষ্ট করা হল। এখনও সময় আছে, এটাকে সরিয়ে নতুনভাবে জীবন দেওয়ার, যদি ইচ্ছা থাকে সরকারের।'

### বর্তমান অবস্থা

- উনিশ শতকে তৈরি হয়েছিল শিবাজি লেনের ফ্যাক্টরি ইনস্পেকটর দপ্তর
- অজানা ইতিহাসের সাক্ষী ভবনটি এখন ভূতুড়ে বাড়ি
- চারদিকে গজিয়েছে ঝোপঝাড়
- বেড়েছে সাপের উপদ্রব
- দেওয়াল, ছাদ যেন ফুটো করে আঁকড়ে ধরছে লাল বাড়িটিকে

বছর তিনেক আগে শ্রম দপ্তরের ডেপুটি লেবার কমিশনার, অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনার, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, ডেপুটি ডিরেক্টর অফ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, ফ্যাক্টরি ইনস্পেকটর সহ শ্রম দপ্তরের সব অফিসকে এক ছাতার তলায় আনার পরিকল্পনা করা হয়েছিল। জেলা খাদ্য নিয়ামক দপ্তর সংলগ্ন চত্বরে শ্রম দপ্তরের এক একর জমিতে শ্রমিক ভবন নির্মাণের সিদ্ধান্ত নেওয়া হয়। মঞ্জুর হয়েছিল এক কোটিরও বেশি টাকা। সেই সময়ই ঐতিহ্য বহনকারী এই লাল বাড়িটিকে না ভেঙে হেরিটেজ ঘোষণা করার দাবি ওঠে। এএসআই-এর প্রাক্তন ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট আর্কিওলজিক্যাল ইঞ্জিনিয়ার তপন ভট্টাচার্যর কথায়, 'আমরা ঐতিহ্যবাহী ভবনটি সংস্কারের জন্য সার্ভে করে একটি রিপোর্ট পূর্ত দপ্তরের কাছে পাঠাই। ভবনটি সংস্কারের জন্য প্রিলিমিনারি এস্টিমেট রিপোর্টও পাঠাই। কিন্তু তারা আমার রিপোর্টকে চ্যালেঞ্জ করে। অজ্ঞাত কারণে কাজটি আটকে দেওয়া হয়। আমার ধারণা, পূর্ত দপ্তরের কোনও ইচ্ছেই নেই ওই ভবনটি সংস্কারের।'

রাজ্য হেরিটেজ কমিশন উত্তরবঙ্গের সদস্য আনন্দগোপাল ঘোষ বলেন, 'আমাদের কমিটি গঠনের পর এই ভবনকে হেরিটেজ ঘোষণা করার জন্য কিংবা সার্ভে করার জন্য কোনও আবেদন জমা পড়েনি। যদি আসে কোনও আবেদন তাহলে আমরা নিশ্চয়ই আলোচনা করব।'

সরকারি সূত্রে খবর, প্রথমে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ফ্যাক্টরি ইনস্পেকটরের ভবনটি ভেঙে সেখানে শ্রম দপ্তরের নতুন ভবন তৈরি করা হবে। তবে পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হয় ওই পুরোনো ভবনটিকে সংস্কার করা হবে এবং সেটির ঠিক পেছনেই শ্রমিক ভবনটি তৈরি করা হবে। এ ব্যাপারে ডিটেইল প্রোজেক্ট রিপোর্ট তৈরি করে পাঠানো হলেও ভবনটির নির্মাণকাজ শুরুর সবুজ সংকেত পাওয়া যায়নি এখনও।

যাঁদের এই ভবনটির পেছনের জমি এবং যে জমিতে নতুন ভবন নির্মাণের কথা সেই ডেপুটি লেবার কমিশনার ও অ্যাসিস্ট্যান্ট লেবার কমিশনারের দপ্তর কাঁঠালগুড়ি বিল্ডিংয়ে। ভাড়াবাড়িতে চলছে ওই দপ্তর দুটি। সেই ভবনটির অবস্থাও সুখকর না। দেওয়াল চুইয়ে জল পড়ে। বর্ষায় চরম দুর্ভোগে পড়তে হয় শ্রম দপ্তরের আধিকারিক ও কর্মীদের। কবে নতুন ভবন তৈরি হবে বা কী হবে পুরোনো ভবনটির এই বিষয়ে জানতে যোগাযোগ করা হয়েছিল ডেপুটি লেবার কমিশনারের সঙ্গে। কিন্তু তিনি ছুটিতে থাকায় কোনও মন্তব্য করতে চাননি।

অবশ্য ওই ফ্যাক্টরি ইনস্পেকটরের ভবনটি নিয়ে সে অর্থে কোনও জ্ঞানই নেই নতুন প্রজন্মের। শিক্ষিকা বিপাশা সরকারের কথায়, 'ওই ভবনটির ইতিহাস সম্পর্কে আমাদের তেমন ধারণা নেই। তবে সংস্কার করে দর্শনীয় স্থান করা হলে বা মিউজিয়াম করা হলে আগামী প্রজন্ম শহর সম্পর্কে অনেক কিছু জানতে পারবে।' যদিও স্থানীয় ইতিহাস নিয়ে কোনও চর্চার ব্যবস্থা করা হয় না বলে অভিযোগ অনেক প্রবীণ নাগরিকের।

তাহলে দোষ কার? এই প্রশ্নের উত্তর খুঁজতে খুঁজতেই হয়তো একদিন হারিয়ে যাবে শতাব্দীপ্রাচীন আরও একটি লাল বাড়ি।

## জল-যন্ত্রণায় জেরবার মালবাজার

**সুশান্ত ঘোষ**

**মালবাজার, ১৩ জুন :** মালবাজার পুরসভার পাম্পিং স্টেশনটির রক্ষণাবেক্ষণ করা হয় না বহুদিন। যান্ত্রিক সমস্যার জেরে মাল শহরে এখন জল সরবরাহ করা হচ্ছে একবেলা। চরম ভোগান্তির শিকার নাগরিকরা। ভুক্তভোগী বাসিন্দাদের একাংশের ক্ষোভ, এইভাবে চলতে থাকলে কিছুদিনের মধ্যেই অর্ধেক মাল শহরে জল সরবরাহ বন্ধ হয়ে যাবে। স্থানীয় বাসিন্দা রাজা দাস বলেন, 'প্রেশার কম, আধ ঘণ্টার বেশি জল থাকছে না টাইমকলগুলোতে।'

পরিষেবার অচল অবস্থা নিয়ে চেয়ারম্যান উৎপল ভাদুড়ি বলেন, 'আমাদের ইঞ্জিনিয়াররা পরিদর্শন করেছেন। খুব দ্রুত সংস্কার করা হবে। ততদিন একবেলায় জল পরিষেবা চালু থাকবে। ঠিক হয়ে গেলে আগের মতোই দু'বেলা জল দেওয়া হবে।'

মালবাজার শহরে জল সরবরাহ করার জন্য হাসপাতালের পাশে রয়েছে পুরসভার পাম্পিং স্টেশনটি। অভিযোগ, দীর্ঘদিন রক্ষণাবেক্ষণ হয় না। কোনওভাবে ধুঁকতে ধুঁকতে চলছে সেটি। পুরোপুরি মুখ থুবড়ে পড়লে শহরের জল পরিষেবাও থমকে যাবে। স্টেশনটিতে আগে ৩০ হর্সপাওয়ারের মোটর ছিল। বর্তমানে ২০ হর্সপাওয়ারের মোটর দিয়ে জল পৌঁছে দেওয়ার কাজ চালানো হচ্ছে। শহরের রেলওয়ে কলোনি, স্টেশন রোড, নেতাজি কলোনি, আদর্শ কলোনি ও সত্যনারায়ণ মোড় এলাকার বাসিন্দাদের ভরসা এই পাম্পিং স্টেশন। যার ফলে বর্তমানে দু'বেলার জায়গায় একবেলাই জল পরিষেবা দিতে পারছে এই পাম্পিং স্টেশনটি। যার জেরে সমস্যায় পড়েছেন এই পাম্পিং স্টেশনের এলাকাভুক্ত সাধারণ নাগরিক থেকে ব্যবসায়ীরা। দু'বেলা পরিষেবা দিতে গিয়ে সারাদিনই মেশিন চালু রাখতে হত। যার ফলে কম হর্সপাওয়ারের মেশিনের উপর



চাপ পড়ে যেত ব্যাপকভাবে। স্টেশন রোডের ব্যবসায়ী ভুক্তভোগী চন্দন রায় বলেন, 'স্টেশন রোড শহরের সবচাইতে গুরুত্বপূর্ণ ব্যবসায়িক এলাকা। এখানকার পরিস্থিতিও একই।'

শহরের প্রবীণ নাগরিকদের মতে, পানীয় জলের সমস্যার কারণ হচ্ছে, ক্রমাগত প্রাকৃতিক সম্পদের ব্যাপক ক্ষতি, যথেচ্ছ পরিমাণে জলের অপচয়। সঙ্গে রয়েছে পাম্পিং স্টেশনগুলোর সংস্কার ও আধুনিকীকরণের অভাব। বিষয়টি নিয়ে কটাক্ষ করতে ছাড়েননি পুরসভার একমাত্র বিরোধী কাউন্সিলার সুশান্ত সাহাও।


কোন বিষয় নিয়ে পড়লে Career-এর কী কী পথ খুলবে?

পড়ুয়াদের সঠিক দিশা দেখানোর উদ্দেশ্যে আজ উত্তরবঙ্গ সংবাদের স্টুডিওতে উপস্থিত থাকবেন



LIVE

আজ সন্ধ্যা ৭টায়



ডাঃ অনির্বাণ ভট্টাচার্য
Head Academics
(PhD, MA, BA)

শুভ্র সরকার
Asst. Professor
(MSc., Qualified NET, BSc.)

Inspiria Knowledge Campus, Siliguri

Find us on

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

https://www.facebook.com/uttarbangasambadofficial


### হাঁসফাঁস গরমে একটু স্বস্তির খোঁজে দুই শহর

## 'ডাবের দাম শুনে মাথা ঘুরে গেল'

**অনীক চৌধুরী**

**জলপাইগুড়ি, ১৩ জুন :** চাহিদার তুলনায় উৎপাদন কম। ফলে চড়া দামে বিক্রি হচ্ছে আনারস। আর গরমে অস্বস্তির হাত থেকে বাঁচতে ডাবের চাহিদাও তুঙ্গে। স্বভাবতই অন্যান্য সময়ের থেকে ১০-১৫ টাকা বেশি দরে বিক্রি হচ্ছে ডাব। অন্যদিকে, খেত থেকে পাকা আনারস তুলতে এখনও প্রায় একমাস বাকি। বর্তমানে বাজারে কিছু কাঁচা এবং পাকা আনারস আসছে ঠিকই, কিন্তু সেগুলিরও চড়া দর হাঁকা হচ্ছে।



অন্যান্য বছর এই সময়ে ডাব ৪০-৬০ টাকা (সাইজ অনুসারে) দামে বিক্রি হলেও এবার ডাবের দাম রয়েছে ৬০-৮০ টাকা। গরম বেশি থাকায় চাহিদাও বেশি, তাই এখনই দাম কমার আশা দেখছেন না কেউই। ডাব বিক্রেতা নরেশ ঠাকুরের কথায়, 'এবছর বাজার ভালো। কিন্তু সাপ্লাই কম। তাই দাম একটু বেশি।'

স্বাভাবিকভাবে বাজারে এই দুই ফলের দাম বেশি থাকায় মুখভার ক্রেতাদের। ক্রেতা অর্পণ রায় বলেন, 'এই তীব্র গরমে ভাবলাম ডাব খেলে একটু স্বস্তি পাব। ডাবের দাম শুনে মাথা ঘুরে গেল। একটা ডাবের দাম ৭০-৮০ টাকা। সাধারণ মানুষ এখন ডাবও খেতে পারবে না।' অন্যদিকে, প্রায় এক সপ্তাহ ধরে আনারস ৮০-১০০ টাকা জোড়া, কোথাও ১০০-১২০ টাকা জোড়া দরে বিক্রি হচ্ছে। গরমের জন্য আনারসের চাহিদাও রয়েছে। দাম আরও বাড়বে বলে জানাচ্ছেন ব্যবসায়ীরা। ফল ব্যবসায়ী নারায়ণ সাহানির কথায়, 'এখনও আনারস পুরোপুরি পাকেনি। ফলে বাজার ভালো থাকলেও তা আসছে না। ডাবের চাহিদা বেশি হলেও জোগান বেশ কম রয়েছে। তাই দামটা বেশি।'

## ক্ষতি জেনেও ঠান্ডা রঙিন পানীয়তে চুমুক

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ১৩ জুন :** অস্বাভাবিক গরমে হাঁসফাঁস পরিস্থিতি। বৃষ্টির দেখা নেই বেশ কয়েকদিন ধরেই। আর এই আবহাওয়াকে কাজে লাগিয়েই ময়নাগুড়ি শহরে হাজির ভ্রাম্যমাণ খোলা ঠান্ডা পানীয় বিক্রেতারা। বেশিরভাগটাই নিজেদের হাতে তৈরি ঠান্ডা পানীয়। বিক্রেতাদের কোনও ফুড লাইসেন্স নেই। তবে এই ধরনের ঠান্ডা পানীয় কতখানি স্বাস্থ্যসম্মত তা নিয়ে যথেষ্ট সন্দেহ রয়েছে। যদিও ময়নাগুড়ি পুর কর্তৃপক্ষের দাবি, পুরসভার নিজস্ব কোনও ফুড ইনস্পেকটর নেই। তবে এলাকাজুড়ে ক্রেতা ও খাদ্য সুরক্ষা দপ্তরের যৌথ অভিযান অব্যাহত রয়েছে। ধারাবাহিক অভিযান চলছে বলে জানালেন পুরসভার ভাইস চেয়ারম্যান মনোজ রায়ও।

শুক্রবার শহরের বিভিন্ন জায়গায় এই ধরনের রঙিন খোলা ঠান্ডা পানীয় বিক্রি করতে দেখা গিয়েছে। সাধারণ ঠান্ডা পানীয় এক গ্লাসের দাম কুড়ি টাকা। স্পেশাল এক গ্লাস ঠান্ডা পানীয় পঞ্চাশ টাকায় বিকোচ্ছে। শহর লাগোয়া বাগজান এলাকার বাসিন্দা অজয় দাসের কথায়, 'দামি ব্র্যান্ডেড কোম্পানির পানীয় বিক্রি করছি। যদিও তাতে কিছুটা রং মেশানো থাকেই। তবে নিজস্ব কোনও ফুড লাইসেন্স নেই।' বাকিরাও একই কথা জানান।



সাপ্টিবাড়ি-১ পঞ্চায়েত এলাকার জাবরামালি নতুন বন্দরের বাসিন্দা জাকির হোসেন ময়নাগুড়িতে এসেছেন কাজে। শহরের ট্রাফিক মোড় এলাকায় অজয়ের থেকে ২০ টাকায় এক গ্লাস ঠান্ডা পানীয় খেয়ে বললেন, 'যে ধরনের গরম তাতে হাতের নাগালে ঠান্ডা পানীয় পেয়ে গেলাম। আর কিছুই ভেবে দেখার অবকাশ নেই।'

ময়নাগুড়ি নাগরিক চেতনার কার্যনির্বাহী সভাপতি তথা প্রাক্তন শিক্ষক অমল রায় বলেন, 'খোলা রঙিন ঠান্ডা পানীয় খেলে ভয়ংকর ক্ষতি হতে পারে। সব খাবারের দোকানে ধারাবাহিক প্রশাসনিক নজরদারি খুব জরুরি। এক-দু'বার নজরদারি চালিয়ে বন্ধ করে দেওয়া হলে চলবে না। অনিয়ম দেখলে ব্যবস্থা নেওয়ার দাবি জানাচ্ছি।'

এই ধরনের রঙিন পানীয় খেলে পেটে বিষক্রিয়া হতে পারে বলে জানালেন চিকিৎসক নারায়ণচন্দ্র দাস। তাঁর মতে, যে জলটা ব্যবহার করা হচ্ছে সেটাও সঠিক নয়।

### টুকরো খবর

#### বিকল পথবাতি

**জলপাইগুড়ি, ১৩ জুন :** রাজবাড়িপাড়ার মোড় থেকে নতুন ব্রিজ পর্যন্ত বিশ্ব বাংলা ক্রীড়াঙ্গন লাগোয়া রাস্তায় গত দু'দিন ধরে পথবাতিগুলি জ্বলছে না। এই রাস্তা দিয়ে প্রতিদিন প্রচুর মানুষ যাতায়াত করেন। দুটি নার্সিংহোম এবং সরকারি হাসপাতালে যাওয়ার জন্য এই রাস্তাটি ব্যবহৃত হয়।

এছাড়া সন্ধ্যার পর অনেকে এই রাস্তায় হাঁটতে বের হন। এবিষয়ে পথচারী বিকাশ সেন বলেন, 'আমি এই রাস্তা দিয়ে প্রতিদিন সন্ধ্যাবেলা হাঁটাহাঁটি করি। কিন্তু দু'দিন ধরে দেখছি সব পথবাতি বিকল হয়ে গিয়েছে। ফলে অন্ধকারে চলাচল করতে অসুবিধা হচ্ছে।' বাতিগুলি দ্রুত ঠিক করার দাবি জানিয়েছেন এলাকাবাসী। এবিষয়ে পুরসভার চেয়ারপার্সন পাপিয়া পাল জানান, পথবাতিগুলি বিকল হওয়ার বিষয়টি তাঁর জানা ছিল না। পথবাতি সংস্কার করার আশ্বাস দিয়েছেন তিনি।

#### প্রতিবাদ

**মালবাজার, ১৩ জুন :** ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে আবারও সরব হলেন মালবাজার শহরের বাসিন্দারা। শুক্রবার বাটাইগোল বাজারের পুরাতন জামা মসজিদের সামনে মানববন্ধন তৈরি করেন সেখানকার মানুষ। নেতৃত্বে ছিলেন মসজিদ কমিটির সভাপতি মহম্মদ দুলাল প্রমুখ। একইভাবে ওদলাবাড়িতেও জমায়েত হন সেখানকার বাসিন্দারা।

#### পানীয় বিলি

**ধূপগুড়ি, ১৩ জুন :** এই তীব্র গরমে ধূপগুড়িতে শুক্রবার পথচারীদের ঠান্ডা পানীয় বিতরণ করলেন ট্রাফিক গার্ডরা। শহরের চৌপথি মোড়ে শিবির করে গরমে হাঁসফাঁস পথচলতি মানুষদের পাশাপাশি টোটো ও যানবাহনের চালকদের ঠান্ডা পানীয় দেওয়া হয়। এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন শহরবাসী। তীব্র গরমে সাবধানতা অবলম্বন করা এবং গরমের জন্য পথে কেউ অসুস্থ বোধ করলে দ্রুত কাছাকাছি থাকা ট্রাফিককর্মীদের ডাকার কথাও বলা হয় পথচারীদের।

#### রাস্তা দখল

**জলপাইগুড়ি, ১৩ জুন :** নতুন করে তৈরি হয়েছে জলপাইগুড়ি মেডিকেল কলেজের সুপারস্পেশালিটি বিভাগের সামনের রাস্তা। কিন্তু তৈরি হওয়ার পরই সেটি আবার ব্যবসায়ীদের দখলে চলে গিয়েছে বলে অভিযোগ। ইতিমধ্যে হাসপাতালের সামনের এই যানজট সমস্যার কথা প্রশাসনকে জানিয়েছে মেডিকেল কলেজ কর্তৃপক্ষ। অন্যদিকে, জেলা প্রশাসনের তরফে সুপারস্পেশালিটি বিভাগের পাশে একটি সরকারি ফাঁকা জমিতে স্টল তৈরি করে রাস্তা দখল করে থাকা ব্যবসায়ীদের পুনর্বাসনের কথা জানানো হয়েছে।

#### চক্ষু শিবির

**জলপাইগুড়ি, ১৩ জুন :** শুক্রবার প্রত্যাশা ভবনে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের জলপাইগুড়ি জেলা পরিষদ শাখার পক্ষ থেকে একটি চক্ষু হাসপাতালের সহযোগিতায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। শিবিরের উদ্বোধন করেন জেলা পরিষদের সভাধিপতি কৃষ্ণ রায় বর্মন।


রংদার রোববার



বাবা

রবিবার পিতৃদিবস। মাতৃদিবস নিয়ে যেমন হইচই হয়, সেরকম আলোচনা হয় না পিতৃদিবস নিয়ে। বাবাদের কথা তুলে আনা হল বিভিন্ন দৃষ্টিকোণ থেকে। পুরাণেও 'সিঙ্গল ফাদার'রা ছিলেন। অন্য ভাষার সাহিত্যেও দাপট দেখিয়েছেন বাবারা। বাবাদের নিয়েই এবারের প্রচ্ছদ কাহিনী।

প্রচ্ছদ কাহিনী বিজয় দে, অভিজিৎ মজুমদার, বিতস্তা ঘোষাল ও ইন্দিরা মুখোপাধ্যায়
ছোটগল্প নবকুমার বসু ও অনিন্দ্য রায় আমেদ
ট্রাভেল ব্লগ অরবিন্দ ভট্টাচার্য
কবিতাগুচ্ছ সমর রায়চৌধুরী
কবিতা নন্দা হাংখিম, অজয় মজুমদার, কৌশিক সেন, মাধবী দাস, দীপশিখা পোদ্দার ও ইন্দ্রাণী বিশ্বাস মণ্ডল

ধারাবাহিক দেবাঙ্গনে দেবার্চনা : পূর্বা সেনগুপ্ত

